

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

karjo beborone, my document, ao

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন “Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)” শীর্ষক প্রকল্পের নতুন পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এ.কে. এম শামিমুল হক ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়।
তারিখ : ০৪-০১-২০২২ খ্রি।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের এর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি শুরুতে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন “Establishment of GMDSS and Intergrated Maritime Navigation System (EGIMNS)” শীর্ষক প্রকল্পের নতুন পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভা পরিচালনার জন্য উপসচিব জনাব মোঃ গোলাম রাক্বী সভার কার্যপত্র পাঠ করে শোনান।

২। পরবর্তীতে সভাপতি প্রকল্পে কর্মরত জনবল সম্পর্কে জানতে চান। প্রকল্প পরিচালক ক্যাপ্টেন এ. এস. এম. দেলোয়ার রহমান সভায় “Establishment of GMDSS and Intergrated Maritime Navigation System (EGIMNS)” শীর্ষক প্রকল্পের জনবল কাঠামোর (প্রস্তাবিত) বর্ণিত পদগুলোর নাম ও বেতন কাঠামো উল্লেখ করেন যা নিম্নরূপ:

প্রকল্পের কর্মরত জনবল (ডিপিপি অনুযায়ী) :

ক্রমিক নং	পদ নাম ও সংখ্যা	জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনক্রম
১	১ × নটিক্যাল সার্ভেয়ার	৫০০০০-৭১২০০/-, গ্রেড-৪
২	৫ × ডেপুটি নটিক্যাল সার্ভেয়ার	৪৩০০০-৬৯৮৫০/-, গ্রেড-৫
৩	৬ × সহকারী পরিচালক (অপারেশন)	২২০০০-৫৩০৬০/-, গ্রেড-৯
৪	২ × জুনিয়র ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ার	২২০০০-৫৩০৬০/-, গ্রেড-৯
৫	১ × হিসাবরক্ষক	১১০০০-২৬৫৯০/-, গ্রেড-১৩
৬	৬ × ডাটা এন্ট্রি অপারেটর	১০২০০-২৪৬৮০/-, গ্রেড-১৪
৭	৪ × মেকানিক	৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫
৮	৩ × ড্রাইভার	৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫
৯	৩ × পেট্রোল বোট ড্রাইভার	৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫
১০	৪ × লাইট কিপার	৯৩০০-২২৪৯০/-, গ্রেড-১৬
১১	৪ × অফিস সহায়ক	৮২৫০-২০০১০/-, গ্রেড-২০
১২	৮ × লস্কর	৮২৫০-২০০১০/-, গ্রেড-২০
১৩	৪ × টোপাস	৮২৫০-২০০১০/-, গ্রেড-২০
১৪	৩ × পেট্রোল বোট লস্কর	৮২৫০-২০০১০/-, গ্রেড-২০

মোট = ৫৪ জন

৩। প্রকল্প পরিচালক আরও উল্লেখ করেন যে, বর্তমানে মোট ২৫ জন জনবল প্রকল্পে অস্থায়ীভাবে কর্মরত আছেন যার মধ্যে উপ-

(অঃ পৃঃ দঃ)

প্রকল্প পরিচালক ১ জন, ডেপুটি নটিক্যাল সার্ভেয়ার ৩ জন, সহকারী পরিচালক ৬ জন, জুনিয়র ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ার ২ জন, হিসাবরক্ষক ১ জন, ডাটা এন্ট্রি অপারেটর ৪ জন, মেকানিক ১ জন, লাইটকিপার ৩ জন, ড্রাইভার ২ জন (আউট সোর্সিং) এবং অফিস সহায়ক ২ জন (আউট সোর্সিং) কর্মরত আছে।

- ৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর সভায় জানান যে, নটিক্যাল সার্ভেয়ার এর পদ নাম অপারেশন অফিসার হলে ভাল হতো।
- ৫। সভাপতি লস্কর, টোপাস, পেট্রোল বোট লস্কর পদের কার্যাবলী সম্পর্কে সভায় জানতে চান। প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট পদগুলির কার্যাবলী সভায় ব্যাখ্যা করেন। প্রকল্প পরিচালক আরও জানান যে, EGIMNS প্রকল্পে অফিস সহায়ক এর পদ রয়েছে।
- ৬। সভায় প্রস্তাবিত নতুন পদ (নটিক্যাল সার্ভেয়ার/ ডেপুটি নটিক্যাল সার্ভেয়ার, সহকারী পরিচালক (অপারেশন)/ জুনিয়র ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ার, হিসাব রক্ষক, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, মেকানিক, ড্রাইভার/গাড়ী চালক, পেট্রোল বোট চালক/মাস্টার-ড্রাইভার, লাইট কিপার, অফিস সহায়ক, টোপাস, পেট্রোল বোট, লস্কর) সৃজনের যৌক্তিকতা তুলে ধরে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, লস্কর, টোপাস পদ দু'টি সংস্থার অন্যান্য বাতিঘরে আগে থেকেই বিদ্যমান আছে। নতুন বাতিঘরগুলোতে ও একই পদ রাখার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।
- ৭। সভায় বিভিন্ন বিষয়ের উপর আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :
- ক) EGIMNS প্রকল্পে নতুন পদ সৃজনের প্রস্তাবে নটিক্যাল সার্ভেয়ার, ডেপুটি নটিক্যাল সার্ভেয়ার পদ বহাল রেখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সুপারিশ করা হয়।
- খ) লস্কর, টোপাস পদ দু'টি পুরাতন এ দুটি পদ বহাল রেখে "Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)" শীর্ষক প্রকল্পের নতুন পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সুপারিশ করা হয়।
- ৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৬-০১-২০২২।


এ.কে. এম শামিমুল হক ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

নং-১৮.০০.০০০০.০২৪.১৫.০০১.২২- ২৫

তারিখ: ০৬-০১-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
- ২। যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, EGIMNS প্রকল্প, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।


০৬/০১/২২
(মোহাঃ আমিনুর রহমান)
উপসচিব
ফোন : ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd